রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ১৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮১—২৯৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৬৫—৫২০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫১৩—৫৬৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৭.০০৬.২৩.৫৬**—জনাব টি এম জিয়াউর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর "শ্রম পরিদর্শক (সাধারণ)" পদ হতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারি ও ভ্যাট অনুবিভাগে "সহকারী রাজস্ব কর্মকর্তা" হিসেবে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২(২) এবং বিধি-৩০০ (বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২২ হতে ১৫ সেপ্টেম্বর ২০২৪) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

<u>শর্তসমূহ:</u>

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০০০.০৩৮.৬৭.০০০৬.২৩.৭৩**—জনাব অর্ণব দাশ, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট এর বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর "সার্কেল এডজুট্যান্ট (কোম্পানি কমান্ডার)" পদ হতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারি ও ভ্যাট অনুবিভাগে "সহকারী রাজস্ব কর্মকর্তা" হিসেবে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২(২) এবং বিধি-৩০০ (বি)

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (২০ জুন ২০২২ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৪) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

**শর্তসমূহ:**

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১/১০ মার্চ ২০২৫

**নং ২৩.০০.০০০০.০১০.২৩.০০১.২৫-৮১**—ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ৭৫ বছর পূর্তির বছরটিকে স্মরণীয় করে রাখার জন্য 'প্লাটিনাম জুবিলী পদক ও রিবন' প্রদানের নিমিত্তে মহামান্য রাষ্ট্রপতির আদেশ এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াদি এতদ্বারা প্রকাশ করা হলো।

১। **পদকের নাম:** 'প্লাটিনাম জুবিলী পদক (রিবনসহ)'।

২। **পদক প্রাপ্তির যোগ্যতা:** গত ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের তালিকাভুক্ত সকল সামরিক সদস্য এ পদক প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। এছাড়াও, ইস্ট বেঙ্গল রেজিমেন্টের যে সকল অফিসার পদোন্নতি পেয়ে কর্নেল এবং তদূর্ধ্ব পদবিতে ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে চাকুরিরত ছিলেন, সে সকল অফিসার এই মেডেল প্রাপ্তির জন্য যোগ্য হবেন।

৩। **'প্লাটিনাম জুবিলী' পদকের গঠন:**

(ক) পদকটি সিলভার ধাতু দ্বারা তৈরি করা হবে।

(খ) পদকটি গোলাকৃতি হবে।

(গ) পদকের সামনের অংশে 'গোলাকৃতি বৃত্তের' ভিতরে '7' এবং '5' এর মধ্যে 'ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মনোগ্রাম' উৎকীর্ণ থাকবে। পদকের ভিতরে ইংরেজিতে PLATINUM JUBILEE এবং BANGLADESH ARMY লেখা থাকবে যাকে স্টার চিহ্ন দ্বারা বিভক্ত করা হয়েছে।

(ঘ) পদকের পিছনের অংশে 'গোলাকৃতি বৃত্তের' ভিতরে 'বাঘ এর মুখচ্ছবি' উৎকীর্ণ থাকবে। পদকের ভিতরে ইংরেজিতে GRACE STRENGTH SPEED এবং BANGLADESH ARMY লেখা থাকবে যাকে স্টার চিহ্ন দ্বারা বিভক্ত করা হয়েছে।

৪। **'প্লাটিনাম জুবিলী' পদকের বিবরণ:**

(ক) **সামনের অংশ:** পদকের অভ্যন্তরে ৭৫ দ্বারা বাংলাদেশ সেনাবাহিনীর ইবিআরসি এর প্লাটিনাম জুবিলী বুঝানো হয়েছে।

(খ) **পিছনের অংশ:** পদকের অভ্যন্তরে বাঘ এর মুখচ্ছবি দ্বারা বাংলাদেশ সেনাবাহিনীর ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মনোগ্রাম এর প্রতীক বুঝানো হয়েছে।

৫। **'প্লাটিনাম জুবিলী' পদকের রিবন এর বর্ণনা:**

(ক) **মেরুন রং:** ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এর রং বুঝানো হয়েছে।

(খ) **সিলভার রং:** ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এর ৭৫ বছর পূর্তি অর্থাৎ 'প্লাটিনাম জুবিলী' কে বুঝানো হয়েছে।

৬। **পদকের ক্রমিকমান ও পরিধান পদ্ধতি:** এই পদক সুবর্ণ জয়ন্তী পদক এর কনিষ্ঠ হবে এবং সকল পোশাকে সুবর্ণ জয়ন্তী পদকের পরবর্তী কনিষ্ঠ স্থানে পরিধান করা হবে। রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

৭। এই আদেশ ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.০১০.২৩.০০৩.২৪-৮২**—বাংলাদেশের দক্ষিণ–পূর্ব অঞ্চলে স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় **'অপারেশন পূর্ব প্রাচীর'** এ নিয়োজিত সেনাবাহিনীর সদস্যদের প্রশংসনীয় অবদানের স্বীকৃতিস্বরূপ **'অপারেশন পূর্ব প্রাচীর'** পদক ও রিবন প্রদানের নিমিত্তে মহামান্য রাষ্ট্রপতির আদেশ এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াদি এতদ্বারা প্রকাশ করা হলো।

১। **পদকের নাম: 'অপারেশন পূর্ব প্রাচীর'** পদক (রিবনসহ)।

২। **পদক প্রাপ্তির যোগ্যতা:**

(ক) **'অপারেশন পূর্ব প্রাচীর'** ঘোষণার তারিখ (৩১ মার্চ ২০০৯) হতে অপারেশন পূর্ব প্রাচীর এলাকায় নিয়োজিত সেনাবাহিনীর সামরিক অফিসার, জেসিও এবং অন্যান্য পদবির সদস্যগণ যারা নিরবিচ্ছিন্নভাবে কমপক্ষে ২১ দিন কর্তব্যে নিয়োজিত ছিলেন/আছেন/থাকবেন।

(খ) **'অপারেশন পূর্ব প্রাচীর'** ঘোষণার তারিখ (৩১ মার্চ ২০০৯) হতে ১০ পদাতিক ডিভিশন এবং কক্সবাজার এরিয়ায় অবস্থিত সদর দপ্তর/ইউনিট/প্রতিষ্ঠান/সংস্থার নিয়োজিত সেনাবাহিনীর সকল সামরিক সদস্য যারা **'অপারেশন পূর্ব প্রাচীর'** এর সাথে সম্পৃক্ত প্রশাসনিক, তত্ত্বাবধায়ক, সমন্বয়, সরবরাহ ও সেবামূলক কাজে কমপক্ষে ২১ দিন নিরবিচ্ছিন্নভাবে কাজে নিয়োজিত ছিলেন/আছেন/থাকবেন।

(গ) **'অপারেশন পূর্ব প্রাচীর'** ঘোষণার তারিখ (৩১ মার্চ ২০০৯) হতে সেনাবাহিনী সদর দপ্তরের যে সকল অফিসার, জেসিও এবং অন্যান্য পদবি **'অপারেশন পূর্ব প্রাচীর'** এর সার্বিক পরিকল্পনা, পরিচালনা,সমন্বয়, বাস্তবায়ন, পরিবহন, সংরক্ষণ, মেরামত, ক্রয়, প্রস্তুতি এবং চিকিৎসার দায়িত্বে কমপক্ষে ২১ দিন নিরবিচ্ছিন্নভাবে নিয়োজিত ছিলেন/আছেন/থাকবেন।

৩। **' অপারেশন পূর্ব প্রাচীর' পদক এর গঠন:**

(ক) পদকটি গিল্ডিং মেটাল দ্বারা তৈরি করা হবে।

(খ) পদকটির আকৃতি গোল হবে।

(গ) পদকের সম্মুখভাগে পাহাড় এবং পাহাড়ের পিছনে উদীয়মান সূর্য উৎকীর্ণ থাকবে।

(ঘ) পদকের পিছনের অংশে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর জাতীয় প্রতীক' উৎকীর্ণ থাকবে।

৪। **'অপারেশন পূর্ব প্রাচীর' পদক এর বিবরণ:**

(ক) **সামনের অংশ:** বাংলাদেশের দক্ষিণ পূর্ব অঞ্চল পাহাড় দ্বারা বেষ্টিত হওয়ায় মেডেলের বুকে পাহাড়ের প্রতীক দ্বারা বহিঃশত্রু আক্রমণের হুককি'কে প্রতিহত করার লক্ষ্যে সামরিক বাহিনীর দৃঢ় অবস্থান নির্দেশ করা হয়েছে। পিছনের উদীয়মান সূর্য দ্বারা দেশ রক্ষার জন্য অপ্রতিরোধ্য সেনাদলের অদম্য ইচ্ছাশক্তিকে বোঝানো হয়েছে।

(খ) **পিছনের অংশ:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর জাতীয় প্রতীক ব্যবহার করা হয়েছে।

৫। **'অপারেশন পূর্ব প্রাচীর' পদক এর রিবনের বর্ণনা:**

(ক) **নীল রং:** অপারেশন পূর্ব প্রাচীর এর দায়িত্বপূর্ণ এলাকা সংলগ্ন বিশাল জলরাশি (নাফ নদী ও বঙ্গোপসাগর) বোঝানো হয়েছে।

(খ) **লাল ও সবুজ রং:** বাংলাদেশ সকল বহিঃশত্রুকে প্রতিহত করার প্রত্যয়কে রিবনে সন্নিবেশিত করা হয়েছে।

৬। **পদকের ক্রমিকমান ও পরিধান পদ্ধতি:** এই পদক আভিযানিক উত্তরণ পদক এর কনিষ্ঠ হবে এবং সকল পোশাকে আভিযানিক উত্তরণ পদকের পরবর্তী কনিষ্ঠ স্থানে পরিধান করা হবে। রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

৭। এই আদেশ ৩১ মার্চ ২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আশরাফ উদ্দিন**
সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**যুব-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪৩১/০৯ মার্চ, ২০২৫

নং **৩৪.০০.০০০০.০০০.০৬০.০৬.০৮৩.১৮-২৩**—জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর ০৮ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিল পুনর্গঠন করা হলো:

**চেয়ারম্যান**

০১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

০২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৩। কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৪। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৫। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৭। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৮। শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৯। অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

১০। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।

১১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

১২। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক মনোনীত উহার একজন মেম্বার ডাইরেক্টিং স্টাফ।

১৩। জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

১৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

১৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত দুইজন খ্যাতনামা শিক্ষাবিদ, যাহাদের একজন বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হইবেন।

১৬। জনাব রেহনুমা করিম, পি. এইচ. ডি., প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট হিরোস্ ফর অল, ৪০/4 আল-আমিন রোড, গ্রীণ রোড, ঢাকা-১২০৫।

১৭। বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী এম মোসলেহ উদ্দিন, অধ্যক্ষ, এ্যারোনটিক্যাল কলেজ অব বাংলাদেশ।

১৮। জনাব সিফাত সারোয়ার, কো-ফাউন্ডার শপআপ ও সাবেক সিইও শপআপ।

১৯। জনাব আবদুল্লাহ আল মামুন, প্রতিষ্ঠাতা সভাপতি, দরদি।

২০। ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

২১। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা সুলতানা**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪৩১/১০ মার্চ, ২০২৫

বিষয়: জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিল কমিটি গঠন।

সূত্র: জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পত্র নং ৩৪. ০৬. ২৬৭২.০০০.০৬.০০৭.২৩.১ তারিখ: ০৫-০২-২০২৫

নং **৩৪.০০.০০০০.০০০.০৬০.০৬.০৮৩.১৮-২৪**—উপর্যুক্ত বিষয়, সূত্র এবং জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর ০৮ ধারা অনুযায়ী জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিটের নির্বাহী কাউন্সিল নিম্নরূপভাবে পুনর্গঠন করা হয়েছে। প্রযোজ্য ক্ষেত্রে পুনর্গঠিত নির্বাহী কাউন্সিলের সদস্য মনোনয়ন (নাম, পদবি ও মোবাইল নম্বর সহ) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**চেয়ারম্যান**

০১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

০২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যদার একজন প্রতিনিধি।

০৩। কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৪। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৫। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৭। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৮। শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৯। অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

১০। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।

১১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

১২। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক মনোনীত উহার একজন মেম্বার ডাইরেক্টিং স্টাফ।

১৩। জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

১৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি।

১৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত দুইজন খ্যাতনামা শিক্ষাবিদ, যাহাদের একজন বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হইবেন।

১৬। জনাব রেহনুমা করিম, পি. এইচ. ডি., প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট হিরোস্ ফর অল, ৪০/৪ আল-আমিন রোড, গ্রীণ রোড, ঢাকা-১২০৫।

১৭। বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী এম মোসলেহ উদ্দিন, অধ্যক্ষ, এ্যারোনটিক্যাল কলেজ অব বাংলাদেশ।

১৮। জনাব সিফাত সারোয়ার, কো-ফাউন্ডার শপআপ ও সাবেক সিইও শপআপ।

১৯। জনাব আবদুল্লাহ আল মামুন, প্রতিষ্ঠাতা সভাপতি, দরদি।

২০। ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

২১। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

**শাহানা সুলতানা**
উপসচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২২ মাঘ, ১৪৩১/০৫ ফেব্রুয়ারি, ২০২৫**

নং **১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৮.৩৩**—তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২২-০৯-২০২৪ তারিখের ১৫.০০. ০০০০. ০২৭. ২২. ০০১.১৮.৫৮২ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ১৫ সদস্য বিশিষ্ট বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড গঠন করা হয়। গঠিত সার্টিফিকেশন বোর্ডের ক্রমিক-১২ এ বর্ণিত সদস্যের স্থলে সংগীত পরিচালক জনাব প্রিন্স মাহমুদ কে উক্ত সার্টিফিকেশন বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

**মোছাঃ শারমিন আখতার**
সিনিয়র সহকারী সচিব।

---

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩১/১৮ ফেব্রুয়ারি, ২০২৫

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১১১(০৬)**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত চলচ্চিত্র প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে **'বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটি'** পুনর্গঠন করা হলো:

**সভাপতি**

১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।

**সদস্যবৃন্দ**

২. উপসচিব (টিভি-২ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র।

৪. বাংলাদেশ টেলিভিশনের ০১ (এক) জন কর্মকর্তা (মহাপরিচালক, বিটিভি কর্তৃক মনোনীত)।

৫. জনাব আশরাফ উদ্দিন আহমেদ উজ্জ্বল, চিত্রনায়ক, পরিচালক ও প্রযোজক।

৬. জনাব আসাদউজ্জামান, অভিনেতা।

**সদস্য-সচিব**

৭. উর্ধ্বতন চলচ্চিত্র সম্পাদক, বিটিভি।

**কার্যপরিধি ও শর্তাবলি:**

১। এ কমিটি বিটিভিতে প্রদর্শনের নিমিত্তে চলচ্চিত্র যাচাই-বাছাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

২। কমপক্ষে ০৫(পাঁচ) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

৩। বিটিভি ভবনের প্রিভিউ কক্ষে (প্রয়োজন অনুযায়ী) সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

৪। কোনো সদস্যপদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করবেন; এবং

৫। কমিটির সদস্যগণ সরকারি নিয়মানুযায়ী সম্মানি প্রাপ্য হবেন।

০২। এ সংক্রান্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৫৭৫ সংখ্যক অফিস আদেশসহ পূর্ববর্তী প্রজ্ঞাপন বাতিল করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ শরিফুল হক**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১/২৬ ফেব্রুয়ারি ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১০৭.২০২৪-১৭৭**—যেহেতু, জনাব মোঃ আহসান খান (বিপি-৮২১৩১৫৯৩৯৫), সাময়িক বরখাস্তকৃত, রাজশাহী রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত, অতিরিক্ত উপপুলিশ কমিশনার হিসাবে গোয়েন্দা ওয়ারী বিভাগ, ডিএমপি, ঢাকায় কর্মরত থাকাকালে ১৫-১২-২০২২ তারিখ দিবাগত রাতে সঙ্গীয় ২(দুই) জন পুলিশ পরিদর্শক, ২ (দুই)জন এসআই, ৪ (চার) জন এএসআই এবং ২ (দুই) জন কনস্টেবলসহ শ্যামপুর, কেরানীগঞ্জ ও আশেপাশের এলাকায় নিজে উপস্থিত থেকে অভিযান পরিচালনা করে ১ (এক) জন মহিলাসহ ৭ (সাত) জন ব্যক্তিকে একটি ট্রাকে বস্তা ও ব্যাগে গাঁজা বহন করার অপরাধে আটক করে ডিবি অফিসে নিয়ে যান। তিনি আটককৃতদের হেফাজত থেকে গাঁজা (যার পরিমাণ পরবর্তীতে ৮ কেজি বলে বিজ্ঞ আদালতে দেখানো হয়েছে) উদ্ধার না করে পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার দেখিয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে ধ্বংস করেছেন। তিনি উদ্ধারকৃত ৮ কেজি গাঁজাসহ ৭ (সাত) জন ব্যক্তি ও গাঁজা বহনকারী ট্রাক আটক করার পর আটককৃতদের বিরুদ্ধে কোনো আইনী কার্যক্রম গ্রহণ না করে এবং ঊর্ধ্বতন কোনো কর্মকর্তাকে উক্ত অভিযানের ফলাফল না জানিয়ে ট্রাক ও ট্রাকের সাথে আটক ব্যক্তিদেরকে ছেড়ে দিয়েছেন। এ পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারীপূর্বক কারণ দর্শাতে বলা হয়; এবং

০২। যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান পূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে ২৬-০২-২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে তার বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় ঊর্ধ্বতন কোন কর্মকর্তাকে উক্ত অভিযানের ফলাফল না জানিয়ে ট্রাক ও ট্রাকের সাথে আটক ব্যক্তিদেরকে ছেড়ে দেওয়ার ঘটনায় সতর্ক করে তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়;

০৩। সেহেতু, জনাব মোঃ আহসান খান (বিপি-৮২১৩১৫৯৩৯৫), সাময়িক বরখাস্তকৃত, রাজশাহী রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত ও সাবেক অতিরিক্ত উপপুলিশ কমিশনার, গোয়েন্দা ওয়ারী বিভাগ, ডিএমপি, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে উক্ত অভিযানের ফলাফল না জানিয়ে ট্রাক ও ট্রাকের সাথে আটক ব্যক্তিদেরকে ছেড়ে দেওয়ার ঘটনায় সতর্ক করে তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬৯.২০২৫-১৭৮**—যেহেতু, জনাব শেখ আবু সালেহ মাসুদ করিম (বিপি-৭১৯৫০৫২৩৩০), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), টাঙ্গাইল, সাবেক অফিসার ইনচার্জ হিসাবে বেনাপোল বন্দর থানা, যশোর এ কর্মরত থাকাকালে ১৮-০২-২০১৯ তারিখ একজন জঙ্গী আসামী বেনাপোল ইমিগ্রেশন থানা কর্তৃক গ্রেফতার হলে তাকে বেনাপোল পোর্ট থানা হাজতে রাখা হয়। উক্ত আসামীকে গ্রহণের উদ্দেশ্যে আনুমানিক ২০.৩০ ঘটিকায় এসবি, ঢাকার বিশেষ পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুর রহমান, তার সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ বেনাপোল পোর্ট থানার অভিযুক্ত অফিসার ইনচার্জের অফিস কক্ষে প্রবেশ করেন। এসি (ডিএমপি) জনাব নাজমুল হাসান ফিরোজ নিজ পরিচয় প্রদানপূর্বক সঙ্গীয় বিশেষ পুলিশ সুপার (এসবি) এর পরিচয় প্রদান করেন এবং তাদের কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করতঃ তার পেশাদারী সহায়তা প্রত্যাশা করেন। তিনি অফিসার ইনচার্জ হিসাবে পেশাদারি আচরণ ও সহায়তা প্রদানে ব্যর্থ হন। ফলশ্রুতিতে উপস্থিত পুলিশ সুপারসহ অন্যান্য অফিসারগণ বিব্রতবোধ করতঃ সঙ্গীয় অফিসার এবং গ্রেফতারকৃত আসামী নিয়ে থানা ত্যাগ করেন। উক্ত অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (ঘ) মোতাবেক "লঘুদণ্ড" হিসাবে ০২ (দুই) বছরের জন্য চলমান "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অধনমিতকরণ" (২৩,০০০—৫৫,৪৭০ অষ্টম গ্রেড এ ৪৫,৬১০ হতে ৪৩,৪৩০) এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

০২। যেহেতু, আবেদন অনুযায়ী ২৬-০২-২০২৫ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

**০৩।** যেহেতু, আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপিলকারী কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথাযথ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, জনাব শেখ আবু সালেহ মাসুদ করিম (বিপি-৭১৯৫০৫২৩৩০), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), টাঙ্গাইল, সাবেক অফিসার ইনচার্জ হিসাবে বেনাপোল বন্দর থানা, যশোর এর বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (ঘ) মোতাবেক "লঘুদণ্ড" হিসাবে ০২ (দুই) বছরের জন্য চলমান "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অধনমিতকরণ" আদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬৮.২০২৫-১৭৯**—যেহেতু, জনাব জহির উদ্দিন মোহাম্মদ তৈমুর আলী (বিপি-৭৯০৬১০৪৫৯৭), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), বিএমপি, বরিশাল ও সাবেক পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সিলেট- কে ১২-১২-২০১৭ তারিখ জনস্বার্থে সিলেট জেলা হতে পিবিআই, ঢাকায় বদলি করা হয়। তিনি বদলির আদেশের বিষয়টি অবহিত হওয়ার পরও যথাযথভাবে অনুসরণ না করে কর্মস্থলে অবস্থান করেন। উক্ত বদলির আদেশের বিষয়টি প্রতিপালন না করায় তার বিরুদ্ধে কৈফিয়ত তলব করা হয়। তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন। পুলিশ অধিদপ্তরের নির্দেশিত বদলির আদেশটি যথাযথভাবে অনুসরণ না করে তিনি কর্মস্থলে অবস্থান করায় প্রশাসনিক জটিলতা সৃষ্টি হয়। তার এহেন কার্যকলাপ অদক্ষতা, কর্তব্যে চরম অবহেলা, গাফিলতি প্রদর্শন, কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য তথা অসদাচরণের শামিল হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) (ক) মোতাবেক "গুরুদণ্ড" হিসাবে "০৩ (তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ") এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

০২। যেহেতু, আবেদন অনুযায়ী ২৬-০২-২০২৫ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

**০৩।** যেহেতু, আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপিলকারী কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, জনাব জহির উদ্দিন মোহাম্মদ তৈমুর আলী (বিপি-৭৯০৬১০৪৫৯৭), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), বিএমপি, বরিশাল ও সাবেক পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) (ক) মোতাবেক "০৩ (তিন) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ডাদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৪৪.২০২৫-১৮০**—যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম (বিপি-৮১০৬১০৮৮৩২), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ডিআইও-২, ডিএসবি, জামালপুর, অফিসার ইনচার্জ হিসাবে বকশীগঞ্জ থানা, জামালপুর এ কর্মরত থাকাকালে ০৫-০১-২০২২ তারিখ তার এখতিয়ারাধীন ৪৩ নং মেরুরচর হাসান আলী উচ্চ বিদ্যালয় ভোটকেন্দ্রে উচ্ছৃংখল জনতা কর্তৃক নির্বাচন কেন্দ্র ভাংচুর, ব্যালট পেপার ছিনতাই, পুলিশের গাড়ি, রিকুইজিশনকৃত পিকআপ গাড়ি অজ্ঞাতনামা মালিকের ০৩টি মোটর সাইকেল ভাংচুর ও অগ্নিসংযোগ, বিভিন্ন প্রকার সরকারি মালামালের ক্ষতিসাধন এবং তার সরকারি ওয়াকিটকি খোয়া যাওয়ায় ঘটনায় দায়িত্ব ও কর্তব্য পালনে অদক্ষতা, অবহেলা ও গাফিলতির জন্য "অসদাচরণ"এর প্রমাণিত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) মোতাবেক "লঘুদণ্ড" হিসাবে "আগামী ০৩ (তিন) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত " এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি আপিল আবেদন করেন; এবং

০২। যেহেতু, আবেদন অনুযায়ী ২৬-০২-২০২৫ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

**০৩।** যেহেতু, আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের ধরন, গুরুত্ব ও মাত্রা বিবেচনায় প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় উক্ত দণ্ড হ্রাস করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম (বিপি-৮১০৬১০৮৮৩২), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ডিআইও-২, ডিএসবি, জামালপুর ও সাবেক অফিসার ইনচার্জ বকশীগঞ্জ থানা, জামালপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) মোতাবেক লঘুদণ্ড হিসাবে "আগামী ০৩ (তিন) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৬.২৪-১৮১**—যেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সাবেক সহকারী পুলিশ সুপার, মীরসরাই সার্কেল, চট্টগ্রাম বর্তমানে বিএমপি, বরিশাল তিনি ইতোপূর্বে ঢাকা জেলার সাভার থানায় শিক্ষানবিশ এএসপি হিসেবে বাস্তব প্রশিক্ষণরত ছিলেন। তিনি সাভার থানায় শিক্ষানবিশ এএসপি হিসেবে বাস্তব প্রশিক্ষণরত থাকাবস্থায় কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করে তার বন্ধু মোঃ আতিকুর বাশারসহ মদ্যপান করে মাতাল অবস্থায় মোটর সাইকেলযোগে গত ২০-১১-২০১৫ খ্রি. রাত অনুমান ০০:৩০ ঘটিকায় পুলিশী তল্লাশীর সময় ঘটনাস্থল শাহবাগ মোড়ে উপস্থিত

হন। পুলিশী তল্লাশীর সময় বেসরকারি টেলিভিশন চ্যানেল এশিয়ান টিভির সিনিয়র রিপোর্টার জনাব মোঃ নূরে আলম এবং ক্যামেরাম্যান মোঃ দিদার হোসেন ঐ সময় পেশাগত দায়িত্ব পালন করাকালে তিনি মাতাল অবস্থায় উল্লিখিত সাংবাদিকদের সাথে অশালীন আচরণসহ মারপিট করেন। উক্ত ঘটনার বিষয়টি পরবর্তীতে বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হওয়ায় পুলিশ বাহিনীর সুনাম চরমভাবে ক্ষুণ্ন হয়; এবং

০২। যেহেতু, অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্তকে কারণ দর্শাতে বলা হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে তাকে সতর্ক করে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়।

০৪। সেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সাবেক সহকারী পুলিশ সুপার, মীরসরাই সার্কেল, চট্টগ্রাম বর্তমানে বিএমপি, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার–বিশ্লেষণ করে তাকে সর্তক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

### আইন-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.৩২০**—ডিএমপির তেজগাঁও থানার এফআইআর নং-৩৪/৩৪, তারিখ: ১০-০১-২০২২ খ্রিঃ, এবং জি আর নং-৩৪/২২, তারিখ: ১০-০১-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ

### বিচার শাখা-৪

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-১৬৭**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকা, যশোর ফরিদপুর, কুমিল্লা নোয়াখালী, টাঙ্গাইল, খুলনা, রংপুর, বরিশাল, সিলেট, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, সাতক্ষীরা, বাগেরহাট, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, জয়পুরহাট,সিরাজগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, চট্টগ্রাম, কক্সবাজার, পটুয়াখালী ও বরগুনা জেলার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল এবং ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক কর্তৃক বদলীকৃত মামলাসমূহ বিচার ও নিস্পত্তির জন্য State Acquisition and Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951)-এর section 145A-এর sub-section (3C) অনুযায়ী স্বস্ব জেলার সিনিয়র সহকারী জজ/সহকারী জজ- কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক এবং একই আইনের section 145B -এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার অতিরিক্ত জেলা জজ- কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক হিসেবে নিয়োগ প্রদান-সংক্রান্ত এ বিভাগ কর্তৃক গত ১১-১১-২০২৪ খ্রি. তারিখে নম্বর: ১০.০০. ০০০০.১২৮.১৫.০০১.২০-৬৪৮ স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপনের মেয়াদ ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করা হলো। উল্লেখ্য, চৌকি অধিক্ষেত্রের ভূমি হতে উদ্ভূত মামলাসমূহ উক্ত চৌকি আদালতে বদলি করতে হবে।

২। এ আদেশ ১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.এফ.এম গোলজার রহমান**
উপসচিব ( প্রশাসন-১)।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

### পার-৩ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ফাল্গুন ১৪৩১/১১ মার্চ ২০২৫

নং **৫৯.০০.০০০০.১১১.০৬.০০২.২০.৫২**—'দি বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩'-এর ৪(১)(এ) উপধারা মোতাবেক যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ- কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত

নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, ঢাকা-এর চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আবদুল খালেক**
সিনিয়র সহকারী সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/০৬ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৭৬/২০২৫/কাস্টমস/৭৫২**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে রংপুর জেলার সদর উপজেলার খলেয়া ইউনিয়ন ও গঙ্গাচড়া উপজেলার বেতগাড়ী ইউনিয়নস্থ "লালচাঁদপুর ও আলদাদপুর" মৌজার নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়্যারহাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা:

| মৌজার নাম | আর.এস. জে. এল নং | দাগ সংখ্যা | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| লালচাঁদপুর | ২২ | ৮ | ৭০৬, ৭০৫, ৭০৪, ৭০২, ৭০১, ৭০০, ৬৯৮, ৬৭৮ | ২২৮.৭৫ শতাংশ |
| আলদাদপুর | ১৯ | ৬ | ৪২০৪, ৪২০২, ৪১৯৩, ৪২০১, ৪২০০, ৪১৯৪ | ২৩৮.৪০ শতাংশ |
| | | | | সর্বমোট=৪৬৭.১৫ শতাংশ |

**চৌহদ্দি :**

ক) পূর্বে : লালচাঁদ পুরের কৃষি জমি;

খ) পশ্চিমে : খিলালগঞ্জ বাজার;

গ) উত্তরে : গ্রামের সড়ক; এবং

ঘ) দক্ষিণে : গ্রামের সড়ক।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আল আমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## জননিরাপত্তা বিভাগ
## পুলিশ-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/১১ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.২১৫**—যেহেতু, জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, বিপিএম, পিপিএম (বিপি-৭৯০৬১১৩৯৬০), কমান্ড্যান্ট, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, নীলফামারী (সাবেক পুলিশ সুপার নোয়াখালী) এর বিরুদ্ধে সোনাইমুড়ী থানার মামলা নং-০৪, তারিখ ২০-০৮-২০২৪ খ্রি.ধারা-১৪৭/১৪৮/৩০২/৩৪/১১৪ পেনাল কোড মামলার তদন্তকারী অফিসার কর্তৃক তাকে গ্রেফতারপূর্বক ০৯-০২-২০২৫ তারিখে বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমলী আদালত (সোনাইমুড়ী থানা), নোয়াখালীতে সোপর্দ করেন।

সেহেতু, জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, বিপিএম, পিপিএম (বিপি-৭৯০৬১১৩৯৬০)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ০৯-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলে;

সাময়িক বখাস্তকালীন তিনি সিলেট রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.২১৬**—যেহেতু, জনাব মোঃ শহিদুল্লাহ, বিপিএম, পিপিএম (বিপি-৭৪০৫১০৩৩২৩), অতিরিক্ত ডিআইজি, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সাবেক উপ-পুলিশ কামশনার, ডিএমপি, ঢাকা) এর বিরুদ্ধে পল্টন মডেল থানা, ডিএমপি, ঢাকা মামলা নং-২৫, তারিখ: ১৪-০৯-২০২৪, ধারা- ১৪৩/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০৭/৩০২/২০১/৩৮৪/১১৪/১০৯/৩৪ পেনাল কোড, তৎসহ ৩/৬ বিস্ফোরক দ্রব্যাদি আইন, ১৯০৮ রুজু হয়। উক্ত মামলার তদন্তকারী অফিসার তাকে গ্রেফতারপূর্বক ০৯-০২-২০২৫ তারিখে বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, আদালত ঢাকায় সোর্পদ করেন।

সেহেতু, জনাব মোঃ শহিদুল্লাহ, বিপিএম, পিপিএম (বিপি-৭৪০৫১০৩৩২৩)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ০৯-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.২১৭**—যেহেতু, জনাব আবুল হাসনাত খান, পিপিএম (বিপি-৭৯০৮১২১৫৭৬), রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেট-এ সংযুক্ত (সাবেক পুলিশ সুপার, বাগেরহাট জেলা)-এর বিরুদ্ধে বাগেরহাট জেলার ফকিরহাট থানার মামলা নং-০৫ তারিখ ০৮-০২-২০২৫ খ্রি,ধারা ১৪৩/৩৪১/৩০৭/১০৯ পেনাল কোড: তৎসহ 15(3)/25(w) The Special Powers Act-1974;3/4/5 The Explosive Substances Act-1908 এর তদন্তকারী অফিসার কর্তৃক গত ০৯-০২-২০২৫ খ্রি. গ্রেফতারপূর্বক আদালতে সোপর্দ করা হলে তাকে বাগেরহাট কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করা হয়।

সেহেতু, জনাব আবুল হাসনাত খান, পিপিএম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ০৯-০২-২০২৫ খ্রি. তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন:

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
## মজুরী বোর্ড শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪৩১/ ০৯ মার্চ, ২০২৫

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০১০.২৪-১৭**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Nestle Bangladesh PLC" শিল্প প্রতিষ্ঠানকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩২৪ ধারার ক্ষমতাবলে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৩,১০৫,১১৪(১) এবং ২৭৭ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০৭ ফেব্রুয়ারি ২০২৫ হতে ০৬ আগস্ট ২০২৫ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল।

শর্তবলি:

১। বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী এ মন্ত্রণালয়ের আওতাধীন শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন/কেন্দ্রীয় তহবিল-এ নির্দিষ্ট হারে অর্থ প্রদান করতে হবে;

২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৩। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুন হারে মজুরি প্রদান করতে হবে;

৪। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে;

৫। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাবে;

৬। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শামছুল ইসলাম**
উপসচিব।

---

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০০১.২৫-১০৯**—যেহেতু, জনাব মোঃ জামাল উদ্দীন খান, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী ইত:পূর্বে শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, বরিশাল কর্মরত থাকাকালে নথি ধরে রেখে শিক্ষকদের নিকট থেকে আর্থিক সুবিধা গ্রহণ করে পূর্বের তারিখ দিয়ে স্বাক্ষর করে নথির কার্যক্রম সম্পন্ন করা; কলাপাড়া উপজেলার রসুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্বাস উদ্দিন আহমেদ এর বিভাগীয় মামলার কাগজপত্র ও মির্জাগঞ্জ উপজেলার সুবিদখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী মোঃ মনিরুজ্জামান এর বকেয়া বেতন সংক্রান্ত আবেদন টাকার জন্য সময়মত উপস্থাপন না করায় শিক্ষকগণ ক্ষতিগ্রস্ত হওয়া; নলছিটি উপজেলার মালোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (চ: দা:) জনাব মলিনী রাণী গোস্বামী এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন উক্ত শিক্ষিকাকে সরবরাহ করে অফিসের গোপনীয়তা ভঙ্গ করা; অবৈধভাবে সাগরদী পিটিআই, বরিশাল এর শের-ই বাংলা পুরুষ হেস্টেলের গেস্ট রুমে প্রায় ০৬ মাস যাবৎ বসবাস করা; বিধি বহির্ভূতভাবে বিভাগীয় উপপরিচালক, বরিশাল এর বিনানুমতিতে ১০-১২-২৩ হতে ১৪-১২-২৩ তারিখ পর্যন্ত চরফ্যাশন, চরকুকড়ি-মুকড়ি, বোরহানউদ্দিন, তজুমদ্দিন, দৌলতখান প্রভৃতি উপজেলায় গমন, প্রশিক্ষণের ভাতা গ্রহণ ও রাত্রি যাপন করা; বিভাগীয় উপপরিচালক, বরিশাল-এর বিনানুমতিতে ২৭-১২-২৩ তারিখ কলঅপাড়া উপজেলায় গমন ও রাত্রি যাপন, ২৮-১২-২৩ তারিখ কলাপাড়া মডেল স্কুল ও ইউআরসিতে গমন করে অনৈতিক আর্থিক সুবিধা দাবি, প্রধান শিক্ষকদের শ্রেণি পর্যবেক্ষণ ও শিক্ষক মেন্টরিং টুলস প্রশিক্ষণ এর সম্মানী ভাতা দাবি করা; প্রায়ই অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা ও অফিসের গাড়ি উপপরিচালক এর অনুমতি ব্যতিরেকে ব্যবহার করা এবং কর্মস্থলে প্রায়ই ঔদ্ধত্যপূর্ণ, অশোভনীয়, শিষ্টাচার বহির্ভূত, অসত্য, উস্কানিমূলক আচরণ করাসহ উপপরিচালক এর বিষয়ে বিভ্রান্তিকর মন্তব্য করা সংক্রান্ত অভিযোগ উত্থাপিত হয় । এরই প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, লিখিত জবাব, শুনানিতে উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ জামাল উদ্দীন খান, সহকারী জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী (প্রাক্তন শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, বরিশাল)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, অভিযুক্ত জনাব মোঃ জামাল উদ্দীন খান,সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী (প্রাক্তন শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, বরিশাল)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২) (ক) অনুযায়ী "তিরস্কার" সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু তাহের মোঃ মাসুদ রানা**
সচিব।

---

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## বিদ্যালয়-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১/২৬ ফেব্রুয়ারি ২০২৫

নং **৩৮.০০.০০০০.০০৮.৩৪.০২০.২১-১৩৬**—সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা, ২০২৩ অনুযায়ী নিম্নবর্ণিত ২৭ (সাতাশ) টি বিদ্যালয়ের নাম নিম্নোক্তভাবে পরিবর্তন করা হলো:

| ক্রঃ নং | বিদ্যালয়ের বর্তমান নাম ও ঠিকানা | বিদ্যালয়ের পরিবর্তিত নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, সূত্রাপুর, ঢাকা। | কারকুনবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়, সূত্রাপুর, ঢাকা। |

| ক্রঃ নং | বিদ্যালয়ের বর্তমান নাম ও ঠিকানা | বিদ্যালয়ের পরিবর্তিত নাম ও ঠিকানা |
|---|---|---|
| ২. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। | তাজমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। |
| ৩. | ১৬ নং বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, নারায়ণগঞ্জ। | ১৬ নং পাইকপাড়া পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, নারায়ণগঞ্জ। |
| ৪. | পাঁচবাড়িয়া হাসিনা ওয়াজেদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাংশা, রাজবাড়ী। | পাঁচবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাংশা, রাজবাড়ী। |
| ৫. | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, গাজীপুর। | গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, গাজীপুর। |
| ৬. | চর সতরাজ শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল। | চর সতরাজ সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল। |
| ৭. | পশ্চিম পিরোজপুর বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর পিরোজপুর। | পশ্চিম পিরোজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর পিরোজপুর। |
| ৮. | শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধামইরহাট, নওগাঁ। | জগৎনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধামইরহাট, নওগাঁ। |
| ৯. | শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, পত্নীতলা, নওগাঁ। | নাদৌড় সরকারি প্রাথমিক বিদ্যালয়, পত্নীতলা, নওগাঁ। |
| ১০. | ড. এম. এ ওয়াজেদ মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পীরগঞ্জ, রংপুর। | সুবর্নপুকুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পীরগঞ্জ, রংপুর। |
| ১১. | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলপুর, ময়মনসিংহ। | নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলপুর, ময়মনসিংহ। |
| ১২. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ। | ভালুক চাপড় সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ১৩. | শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার। | কুলাউড়া, সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার। |
| ১৪. | মুজিবাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, পার্বতীপুর, দিনাজপুর। | পার্বতীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পার্বতীপুর, দিনাজপুর। |
| ১৫. | ডোলোপাড়া শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, পঞ্চগড়। | ডোলোপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, পঞ্চগড়। |
| ১৬. | বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, পঞ্চগড়। | রাজমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, পঞ্চগড়। |
| ১৭. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, দাগনভূঞা, ফেনী। | পশ্চিম করমূল্যাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দাগনভূঞা, ফেনী। |
| ১৮. | মুজিব রাসেল বিদ্যাপীঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, জাজিরা, শরীয়তপুর। | হরিয়াসা সরকারি প্রাথমিক বিদ্যালয়, জাজিরা, শরীয়তপুর। |
| ১৯. | নিতার কান্দি বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ। | নিতার কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ২০. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, কিশোরগঞ্জ। | বত্রিশ সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, কিশোরগঞ্জ। |
| ২১. | জাতির জনক বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। | দক্ষিণ সোনামুই সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। |
| ২২. | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা চর মোহাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। | চর মোহাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। |
| ২৩. | দেশ রত্ন শেখ হাসিনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। | লক্ষীপুর ডগাবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। |
| ২৪. | শেখ রেহানা সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। | চাতুটিয়া মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। |
| ২৫. | শেখ রাসেল আজগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। | আজগড়া মধ্য পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল। |
| ২৬. | বঙ্গবন্ধু সেতু পূর্ব পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভূঞাপুর, টাঙ্গাইল। | যমুনা সেতু পূর্ব পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভূঞাপুর, টাঙ্গাইল। |
| ২৭. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, খুলনা। | খালিশপুর বঙ্গবাসী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, খুলনা। |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেবেকা সুলতানা**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১/০২ মার্চ ২০২৫

নং **৩৮.০০.০০০০.০০৮.৩৪.০২০.২১-১৪০**—সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা, ২০২৩ অনুযায়ী নিম্নবর্ণিত ২৯ (উনত্রিশ) টি বিদ্যালয়ের নাম নিম্নোক্তভাবে পরিবর্তন করা হলো:

| ক্রঃ নং | বিদ্যালয়ের বর্তমান নাম ও ঠিকানা | বিদ্যালয়ের পরিবর্তিত নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। | লালডোবা সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। |

| ক্রঃ নং | বিদ্যালয়ের বর্তমান নাম ও ঠিকানা | বিদ্যালয়ের পরিবর্তিত নাম ও ঠিকানা |
|---|---|---|
| ২. | বেতাগা বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। | বেতাগা সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। |
| ৩. | মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুজিবনগর, মেহেরপুর। | ভবরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুজিবনগর, মেহেরপুর। |
| ৪. | চর কচ্ছপিয়া শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। | দীপাঞ্চল সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। |
| ৫. | আলহাজ্ব নুরুন্নবী চৌধুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। | মধ্য রায়রাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। |
| ৬. | ফারজানা চৌধুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। | দক্ষিণ সাতানী সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। |
| ৭. | ফারজানা চৌধুরী রতনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। | রমাগঞ্জ কিশলয় সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। |
| ৮. | পূর্ব ফুলবাগিচা চৌধুরী (রত্না) সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। | পূর্ব ফুলবাগিচা সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। |
| ৯. | ফজিলাতুন নেছা সরকারি বালিকা প্রাথমিক বিদ্যালয়, তজুমদ্দিন, ভোলা। | তজুমদ্দিন আইডিয়াল সরকারি বালিকা প্রাথমিক বিদ্যালয়, তজুমদ্দিন, ভোলা। |
| ১০. | গোলকপুর ফজলুল হক সরকারি প্রাথমিক বিদ্যালয়, তজুমদ্দিন, ভোলা। | গোলকপুর হাটখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, তজুমদ্দিন, ভোলা। |
| ১১. | বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট। | ধারন গাজীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট। |
| ১২. | শালকোনা হাসিনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহ। | মধ্য শালকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহ। |
| ১৩. | মাসকান্দা শেখ রসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, তারাকান্দা, ময়মনসিংহ। | পশ্চিম মাসকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়, তারাকান্দা, ময়মনসিংহ। |
| ১৪. | উত্তর লালখান বাজার শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রাম। | উত্তর লালখান বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রাম। |
| ১৫. | বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, চান্দগাঁও, চট্টগ্রাম। | বাকলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, চান্দগাঁও, চট্টগ্রাম। |
| ১৬. | চান্দি বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া। | চান্দি উত্তর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৭. | দীর্ঘভূমি বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। | দীর্ঘভূমি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ১৮. | ১৬২ নং বঙ্গাবন্ধু মাছপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ। | শাপলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ। |
| ১৯. | ১৭৯ নং শেখ ফজলুল হক মনি সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ। | ঝিনুক সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ। |
| ২০. | ২১৪ নং বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ। | শিউলি সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ। |
| ২১. | ৭০ নং বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। | বকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। |
| ২২. | ৪৯ নং গিমাডাঙ্গা মধ্যপাড়া শেখ ফজিলাতুন্নেছা সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। | কদম সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। |
| ২৩. | ৫৯ নং শেখ কামাল স্মৃতি সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। | গোলাপ সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। |
| ২৪. | ৪৩ নং কুশলী শেখ মোশাররফ হোসেন সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। | শিমুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। |
| ২৫. | ৪৮ নং কাজীপাড়া সরদারপাড়া এস, এম মুসা সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। | বেলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। |
| ২৬. | ৬৬ নং খান সাহে শেখ মোশাররফ সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। | টগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ। |
| ২৭. | ১৯৬ নং শেখ রাসেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ। | দোয়েল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ। |
| ২৮. | বঙ্গাবন্ধু সেতু পশ্চিম পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, সিরাজগঞ্জ। | যমুনা সেতু পশ্চিম পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, সিরাজগঞ্জ। |
| ২৯. | দক্ষিণ দেশীবাই বঙ্গাবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়, জলঢাকা, নীলফামারী। | দক্ষিণ দেশীবাই স্বপ্নের সিঁড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়, জলঢাকা, নীলফামারী। |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেবেকা সুলতানা**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৫ শাখা**
**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৬** ফাল্গুন, **১৪৩১** বঙ্গাব্দ/**১১** মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৮৫.১৫.০২৬ (এ).২০-২৩৭**—মুন্সিগঞ্জ জেলার টঙ্গীবাড়ী উপজেলাধীন সরকারিকৃত বিক্রমপুর টঙ্গীবাড়ী ডিগ্রি কলেজের অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত (বর্তমানে অবসরপ্রাপ্ত) নিম্নবর্ণিত ০১ (এক) জন শিক্ষকের "সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮"-এর বিধি ৭ অনুযায়ী অস্থায়ী নিয়োগের তারিখ (০৮-০৮-২০১৮ খ্রি.) হতে চাকরি ভূতাপেক্ষ স্থায়ী করা হলো:

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | পদবি ও বিষয় | সরকারিকরণের তারিখ |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ নূরুল মোমেন<br>জন্ম তারিখ: ০১-০৬-১৯৬২ | অধ্যক্ষ (নন-ক্যাডার) প্রশাসনিক | ০৮-০৮-২০১৮ খ্রি. |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ রোকেয়া পারভীন**
উপসচিব।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/১৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৭.০০.০০০০.০৮৪.৫৬.২১৯.২৩-৬৫**—জনাব মুঃ মাহবুব হাসান (১১০২৩০৬২), সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, উত্তরা, ঢাকা-কে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২(২) এবং ৩০০ (বি) অনুযায়ী তাঁর পূর্ব পদের চাকরিকালকে (অর্থাৎ ০১-০৬-২০২২ খ্রিঃ তারিখ হতে ২৫-১২-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত) বর্তমান চাকরির সাথে মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির ধারাবাহিকতা রক্ষা ও বেতন সংরক্ষণের আদেশ নির্দেশক্রমে প্রদান করা হলো:

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদে চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবাল হোসেন
উপসচিব (চ.দা.) (জ.ব্য-৩)।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৫

নং **৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৮.২৪-১৫০**—বিসিএস স্বাস্থ্য ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তাগণের নামের পার্শ্বে উল্লিখিত চাকুরিকাল বিএসআর (পার্ট-১) এর ৪২ (২) এবং ৩০০ (বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকুরির ধারাবাহিকতা নির্দেশক্রমে সংরক্ষণের আদেশ প্রদান করা হলো:

| নং | নাম পদবি বর্তমান কর্মস্থল | বিসিএস স্বাস্থ্য ক্যাডারের চাকুরিতে যোগদানের পূর্বে মোট চাকুরিকাল |
|---|---|---|
| ১. | ডাঃ সম্পদ দত্ত (১৫০০৩০) | ২৩-০৩-২০২৩ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০১ বছর ০১ মাস ০৪ দিন |
| ২. | ডাঃ সুদীপ্ত সাহা (১৫০০১৩) | ২৩-০৩-২০২৩ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০১ বছর ০১ মাস ০৪ দিন |
| ৩. | ডাঃ মোঃ রায়হান (১৫০০৫১) | ২৩-০৩-২০২৩ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০১ বছর ০১ মাস ০৪ দিন |
| ৪. | ডাঃ মোঃ ফয়সাল ইবনে মামুন (১৫০০৭১) | ২৩-০৩-২০২৩ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০১ বছর ০১ মাস ০৪ দিন |
| ৫. | ডাঃ শম্পা দাস (১৪৬২৪৮) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৬. | ডাঃ ফয়েজুর রহমান (১৪৭৫৬৪) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৭. | ডাঃ এ বি এম বাকি বিল্লাহ (১৪৯৪৪০) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৮. | ডাঃ মোঃ আসিফ আরেফিন অক্সিন (১৪৫৯৫০) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৯. | ডাঃ তাসনিয়া হামিদ কান্তা (১৪৫৮০৮) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |

| নং | নাম পদবি বর্তমান কর্মস্থল | বিসিএস স্বাস্থ্য ক্যাডারের চাকুরিতে যোগদানের পূর্বে মোট চাকুরিকাল |
|---|---|---|
| ১০. | ডাঃ মোঃ ইসমামুল ইবাদ চৌধুরী (১৪৬০৮৬) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১১. | ডাঃ মোঃ রুহুল কুদ্দুস ভূঁইয়া (১৪৯৩৩৮) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১২. | ডাঃ ওয়াদিয়া ইসলাম (১৪৭৪১৯) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১৩. | ডাঃ সাকিব আহমেদ খান (১৪৮৫৮৩) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১৪. | ডাঃ দোলেনা খাতুন (১৪৮৪১৭) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১৫. | ডাঃ পার্থ সারথি রায় (১৪৮০৯৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস২৯ দিন |
| ১৬. | ডাঃ ফারজানা আক্তার সুমী (১৪৮৫৪৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১৭. | ডাঃ দেবাঞ্জন পন্ডিত (১৪৬৬২৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১৮. | ডাঃ তানজিনা জেরিন (১৪৭০০৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ১৯. | ডাঃ তাসলিমা তানজিম (১৪৬৯৩১) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২০. | ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান (১৪৭৭৩৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২১. | ডাঃ মোঃ সারোয়ার হোসেন রনি (১৪৮৯৮২) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২২. | ডাঃ চৌধুরী শাহরিয়ার (১৪৭৮০০) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২৩. | ডাঃ মোঃ নূরুল আমিন (১৪৮৮৪৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২৪. | ডাঃ মোছাঃ মাহবুবা আক্তার (১৪৬৮৩৪) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২৫. | ডাঃ হুমায়রা পারভীন (১৪৬৯৩৭) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২৬. | ডাঃ মু. উমর ফারুক জাবির (১৪৬৬১৬) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২৭. | ডাঃ রতন চন্দ্র দেবনাথ (১৪৭৩৯৩) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২৮. | ডাঃ মোঃ হুমায়ূন রশীদ (১৪৯৮৩৪) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ০৩-১২-২০২২ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০৯ মাস ০৫ দিন |
| ২৯. | ডাঃ মোহাম্মদ আসীর ইনতিসার সারিম (১৪৭০৯৫) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সনজীদা শরমিন**
উপসচিব।

---

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ মাঘ ১৪৩১/০৬ ফেব্রুয়ারি ২০২৫

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৩১.২৩-১৭২**—যেহেতু, ডা. আতিকুল হক মজুমদার (১০৯৯৪৪), সহকারী অধ্যাপক (এডাল্ট সাইকিয়াট্রি), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা গত ১৫-০৮-২০১৬

খ্রি. তারিখে তার শিক্ষা ছুটি শেষ হয় এবং পুনরায় দীর্ঘ ০৬ (ছয়) বছর ০৪ (চার) মাস ২২ (বাইশ) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, গত ১৫-০৮-২০২১ খ্রি. তারিখে তার চাকরিতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস (প্রথম খন্ড)-এর ৩৪ বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে তার চাকরির অবসান ঘটেছে;

সেহেতু, ডা. আতিকুল হক মজুমদার (১০৯৯৪৪), সহকারী অধ্যাপক (এডাল্ট সাইকিয়াট্রি), এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৬-০৮-২০২১ খ্রি. তারিখ হতে তার চাকরির অবসান কার্যকর হবে। ১৫-০৮-২০১৬ খ্রি. হতে তিনি কোনো ধরনের আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে তার কোনো বেতনভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির অদেশক্রমে

**মো: সাইদুর রহমান**
সচিব।

**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ মার্চ ২০২৫

নং **৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৮.২৪-১৮০**—বিসিএস স্বাস্থ্য ক্যাডারে নিম্নোক্ত কর্মকর্তাগণের নামের পার্শ্বে উল্লিখিত চাকুরিকাল বিএসআর (পার্ট-১) এর ৪২ (২) এবং ৩০০ (বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নিধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা নির্দেশক্রমে সংরক্ষণের আদেশ প্রদান করা হলো:

| নং | নাম পদবি বর্তমান কর্মস্থল | বর্তমান চাকুরিতে যোগদানের পূর্বে মোট চাকুরিকাল |
|---|---|---|
| ১. | ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (১৪৭১৭৪) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ২. | ডাঃ মেহেদী হাসান ইয়াহিয়া (১৪৬০৪৮) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৩. | ডাঃ বাদল সূত্রধর (১৪৮১৪৯) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৪. | ডাঃ সুমাইয়া রহমান ইলমা (১৪৭৫৯১) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৫. | ডাঃ এ. এফ. এম আশরাফুর রহমান (১৪৯৩৬৮) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |
| ৬. | ডাঃ শাশ্বত মিস্ত্রী চন্দন (১৪৬০৭০) | ২৮-০২-২০২২ তারিখ হইতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ০২ বছর ০১ মাস ২৯ দিন |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকুরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকুরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সনজীদা শরমিন**
উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-২**
**প্রশাসন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ:২৮ ফাল্গুন ১৪৩১/১৩ মার্চ ২০২৫

নং **২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১০-১৬**—যেহেতু, মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিভিল), রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা [প্রাক্তন প্রকল্প পরিচালক, ৫৬০টি মডেল মসজিদ স্থাপন প্রকল্প, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা] এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর মামলা নং-০৩; তারিখ: ২৫-০৬-২০১৯ খ্রিঃ এ দুর্নীতি দমন কমিশন কর্তৃক দাখিলকৃত চার্জশীট নং-৫১ তারিখ: ১৩-১২-২০২০ খ্রিঃ বিজ্ঞ আদালত কর্তৃক গত ২৫-০১-২০২১ তারিখে গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৯ (২) অনুযায়ী ২৫-০১-২০২১ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হামিদুর রহমান খান**
সচিব।

**প্রশাসন অধিশাখা-২**

প্রজ্ঞাপন

তারিখ:২৬ ফাল্গুন ১৪৩১/১১ মার্চ ২০২৫

নং **২৫.০০.০০০০.০১৪.১৬.০০১.২৪.১৩১**—মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক উপদেষ্টা পরিষদ বৈঠকে ১২.৩ অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুযায়ী শেরে বাংলা নগর, ঢাকায় অবস্থিত "চন্দ্রিমা উদ্যান" এর পরিবর্তিত নামকরণ "জিয়া উদ্যান" পুনর্বহাল করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নায়লা আহমেদ**

যুগ্মসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**বহিরাগমন-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১/ ০৯ মার্চ ২০২৫

নং **৫৮.০০.০০০০.০৪৩.৩১.০২১.১১.১৩৩**—যেহেতু, জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম খান, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর মামলা নং-০২, তারিখ: ০৩-০১-২০২২, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬ (২) ও ২৭ (১) ধারা অনুযায়ী বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশিট গৃহীত হয়েছে;

০২। সেহেতু, জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম খান, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৯ (২) এর বিধান মোতাবেক ২৫-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**

সিনিয়র সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/১৬ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.২৩৩**—যেহেতু, জনাব মোল্যা নজরুল ইসলাম, বিপিএম-বার পিপিএম-বার (বিপি-৭৩০১০২০৮৪০), ডিআইজি, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীতে সংযুক্ত এর বিরুদ্ধে গুলশান থানা, ডিএমপি, ঢাকা মামলা নং-০৫, তারিখ: ০৫-১০-২০২৪, ধারা-১৪৩/১৪৪/৩২৪/৩২৬/৩০৭/১০৯/১১৪/৩৪ পেনাল কোড রুজু হয়। উক্ত মামলার তদন্তকারী কর্মকর্তা তাকে গ্রেফতারপূর্বক ০৯-০২-২০২৫ তারিখে বিজ্ঞ মূখ্য মহানগর হাকিম, মহানগর আদালত, ঢাকায় সোপর্দ করেন

সেহেতু, জনাব মোল্যা নজরুল ইসলাম, বিপিএম-বার পিপিএম-বার (বিপি-৭৩০১০২০৮৪০)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ০৯-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**

সিনিয়র সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১/০৫ মার্চ ২০২৫

নং ৪৩.০০.০০০০.১১৪.১৬.১৫১.২২-১০৬—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত 'মহরাণী হেমন্ত কুমারীর মহল ও ঘাট' সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | (ক) রাণী মহল<br>গ্রাম: পুঠিয়া<br>ডাকঘর: পুঠিয়া<br>উপজেলা/থানা: পুঠিয়া<br>জেলা: রাজশাহী | পুঠিয়া | এস এ ১৮৫, ১৮৬, ১৮৭, ২৪, ২৩, আর এস ১৫, ১৯৩, ১৯১, ১১৬, ১১৮, ১৬ | সাবেক/হাল ৩২৬/২৮৫ | ৪.৩১ একরে কাত ০.৫০ একর | পূর্ব: চারআনি গোবিন্দ সাগর<br>পশ্চিম: আহ্নিক মন্দির<br>উত্তর: গোবিন্দ মন্দির<br>দক্ষিণ: হোগলা চৌকি | বাংলাদেশ সরকারের পক্ষে কালেক্টর, রাজশাহী | ০১ নং খাস খতিয়ানভুক্ত সম্পত্তি হওয়ায় ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মালিকানা হস্তান্তর করা যেতে পারে। | |

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | (খ) রাণীর ঘাট<br>গ্রাম: পুঠিয়া<br>ডাকঘর: পুঠিয়া<br>উপজেলা/থানা: পুঠিয়া<br>জেলা: রাজশাহী | পুঠিয়া | এস এ ১৮৫, ১৮৬, ১৮৭, ২৪, ২৩, আর এস ১৫, ১৯৩, ১৯১, ১১৬, ১১৮, ১৬ | সাবেক/হাল ৩৩৫/৩৭৪ ৩২৬/২৮৫ | ৪.৪. ০একরে কাত ০.০৭ একর ৪.৩১ একরে কাত ০.০১ একর সর্বমোট ০.০৮ একর | পূর্ব: চারআনি গোবিন্দ সাগর<br>পশ্চিম: আহ্নিক মন্দির<br>উত্তর: গোবিন্দ মন্দির<br>দক্ষিণ: হোগলা চৌকি | বাংলাদেশ সরকারের পক্ষে কালেক্টর, রাজশাহী | ০১ নং খাস খতিয়ানভুক্ত সম্পত্তি হওয়ায় ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মালিকানা হস্তান্তর করা যেতে পারে। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।